28 SEP 1995

তারিখ 28 SEP 1995
পৃষ্ঠা 6 কলাম 2

আজকের কাগজ

# বগুড়ার শিবগঞ্জ কলেজসহ দেশের ২০টি কলেজের ডিগ্রি পরীক্ষা কেন্দ্র বাতিল

শিবগঞ্জ থেকে আসম আনোয়ার : জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে গত বছর অনুষ্ঠিত ডিগ্রী (পাস) পরীক্ষা বিধিসম্মতভাবে পরিচালিত না হওয়ায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বগুড়ার শিবগঞ্জ এমএইচ ডিগ্রী কলেজসহ দেশের ২০টি কলেজের ডিগ্রী পরীক্ষা কেন্দ্র বাতিল ঘোষণা করেছে। সংশ্লিষ্ট সূত্রে একথা জানা গেছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অফিস আদেশ সংক্রান্ত একটি পত্র (স্মারক নং- জাতীয়, বি, পরী-৪৮/৯৫৫০৪-৫০) থেকে জানা যায়, ১৯৯৪ সালের ডিগ্রী (পাস) পরীক্ষা পর্যবেক্ষণের জন্যে জাতীয় বিশ্ববিদ্যালয় হতে বগুড়ার শিবগঞ্জসহ দেশের বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে ভিজিলেন্স টিম পাঠানো হয়। তাদের পর্যবেক্ষণ রিপোর্ট পর্যালোচনায় এবং কোনো কোনো ক্ষেত্রে সংশ্লিষ্ট সুপারভাইজিং অফিসারের রিপোর্টে প্রমাণ পাওয়া যায় যে, ২০টি পরীক্ষা কেন্দ্রে ১৯৯৪ সালের ডিগ্রী পরীক্ষা পরিচালনা বিধিসম্মতভাবে পরিচালিত হয়নি। এছাড়াও কেন্দ্রসমূহের ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং পরীক্ষার সময় নিয়োজিত ইনভেজিলেটর ভূমিকাও ছিলো নেতিবাচক। এক্ষেত্রে শিবগঞ্জ কলেজের বাইরে থেকে উত্তরপত্র লিখে এনে মূল উত্তরপত্রে সংযোজন এবং কতিপয় শিক্ষক কর্তৃক নকল সরবরাহের অভিযোগ পাওয়া যায়। এসবের প্রেক্ষিতে ১৯৯৫ সালের ডিগ্রী পরীক্ষা হতে শিবগঞ্জ ডিগ্রী কলেজসহ দেশের ২০টি কেন্দ্র বাতিল করা হয়েছে। কেন্দ্রগুলি হলো- বগুড়ার শিবগঞ্জ ডিগ্রী কলেজ ও শেরপুর সরকারি কলেজ, সিরাজগঞ্জ সরকারি কলেজ, সিরাজগঞ্জ ইসলামিয়া সরকারি কলেজ, চান্দাইকোনা হাজী ওয়াহেদ মরিয়ম কলেজ, ঠাকুরগাঁও সরকারি কলেজ, কুষ্টিয়ার দৌলতপুর কলেজ, খুলনার তেরখানা নর্থ কলেজ, দিনাজপুরের হাকিমপুর কলেজ, রংপুরের পীরগঞ্জ আঃ রউফ কলেজ, নড়াইলের মানিক মিয়া কলেজ, পটুয়াখালীর করিম মৃধা কলেজ, কেরানীগঞ্জের রামেরকান্দা ইস্পাহানী কলেজ, নরসিংদীর মনোহরদী কলেজ, নান্দাইলের শহীদ স্মৃতি কলেজ, বিঃ বাড়িয়ার কসবা টি আলী কলেজ, চট্টগ্রামের ফটিকছড়ি কলেজ, কুমিল্লার চৌয়ারা আদর্শ কলেজ, চাঁদপুরের কচুয়া বঙ্গবন্ধু কলেজ এবং সিলেট সরকারি কলেজ।

এদিকে শিবগঞ্জ ডিগ্রী পরীক্ষা কেন্দ্র বাতিলের সংবাদ এলাকায় ছড়িয়ে পড়লে সর্বস্তরের ছাত্রছাত্রী ও অভিভাবক মহলে তীব্র উত্তেজনা লক্ষ্য করা যায়। ছাত্র ও অভিভাবকরা বলছে, কলেজ কর্তৃপক্ষের লাগামহীন দুর্নীতির কারণে শিবগঞ্জ ডিগ্রী পরীক্ষা কেন্দ্র বাতিল হয়েছে।